



প্রিয় বাবা-মা এবং পরিবারবর্গ,

DeKalb County School District (DCSD) বাড়ি এবং স্কুলের মধ্যে স্পষ্ট এবং সহজলভ্য যোগাযোগকে গুরুত্ব দেয় এবং সমস্ত পরিবারের গুরুত্বপূর্ণ তথ্যে অ্যাক্সেস নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আপনার সন্তানের স্কুলে আপনার জন্য বিদ্যমান দোভাষী সেবা সম্পর্কে আমরা আপনাকে অবহিত করতে চাই।


নিম্নলিখিত ভাষা সেবা বিদ্যমান:

DeKalb County School District কর্তৃক প্রদত্ত দোভাষী সেবা	
সভার জন্য দোভাষী সেবা	DCSD সভার জন্য দোভাষী প্রদান করে। নির্ধারিত সভার জন্য কোনো দোভাষীর অনুরোধ জানাতে অনুগ্রহ করে সভার আগে আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করে দোভাষীর জন্য অনুরোধ করুন।
DCSD হেল্প লাইন ফোন-এর মাধ্যমে ব্যাখ্যা	স্কুল কর্মীরা সংক্ষিপ্ত, অনির্ধারিত, অথবা জরুরি কলের জন্য DCSD হেল্প লাইন (International Student Screening Center-এ অবস্থিত) ব্যবহার করতে পারবেন।
ফোনে দোভাষী সেবা	ELSA Lite App, ELSA Landline এবং Language Line Solutions ব্যবহার করে 240 টিরও বেশি ভাষায় DCSD লাইভ দোভাষীর ফোনে অ্যাক্সেস প্রদান করে থাকে।
একমুখী দোভাষী সেবা/ ফোন কল	কোনো শিক্ষক বা স্কুল কর্মীর আপনার সাথে সংক্ষিপ্ত বা অনির্ধারিত তথ্য প্রকাশের জন্য যোগাযোগ করার প্রয়োজন হলে তারা বাড়িতে ফোন করার জন্য একজন দোভাষীর কাছে সাহায্য চাইতে পারেন।
শিক্ষকের সাথে যোগাযোগ	শিক্ষকরা বিভিন্ন অ্যাপ্লিকেশন ব্যবহার করেন যা বাবা-মা এবং পরিবারের সাথে দৈনন্দিন যোগাযোগ সেবা প্রদান করে। এসব অ্যাপ্লিকেশনের অনেকগুলো অনূদিত বার্তা দেওয়ার সুবিধা প্রদান করে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের সাথে যোগাযোগ করুন।

আমরা বিশ্বাস করি যে কার্যকর যোগাযোগ আপনার সন্তানের সাফল্যের চাবিকাঠি এবং আপনার সন্তানের শিক্ষা সম্পর্কে সম্পূর্ণরূপে অবহিত থাকার জন্য এসব সেবা ব্যবহার করার ক্ষেত্রে আমরা আপনাকে উৎসাহিত করি।

স্কুলের বাইরে আপনার আরও সহায়তা/নির্দেশনার প্রয়োজন হলে অনুগ্রহ করে (678) 676-6602 নম্বরে ইংরেজি শিক্ষার্থী বিভাগে যোগাযোগ করবেন।

অনুগ্রহ করে নিচের কার্ডটি কেটে আপনার সন্তানের স্কুলে নিয়ে আসুন এবং দোভাষীর জন্য অনুরোধ করুন:



LANGUAGE ASSISTANCE NEEDED

English Learners Department

HELLO! I am a parent/guardian of a DeKalb County School District student and I speak _____.

I need assistance in my native language.

PARENTS OR STAFF: If you have any questions, please call the Interpretation and Translation Unit at **678-676-6602**.